R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এস্ মার্ব পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
৫০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১২ই বৈশাখ বুধবার, ১৩৮৫ সাল।
২৬শে এপ্রিল, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## শ্বাসরোধকারী অবস্থায় আইনজীবীদের ভূমিকা লজ্জাজনক

রঘুনাথগঞ্জ, ২২ এপ্রিল—'আইন-আদালত, ন্যায়-অন্যায় সম্পর্কে আমার সংশয় হয়। বিধানসভায় প্রশ্নের উত্তরে যা বলি, তা সাজানো উত্তর ; তোতা পাখীর মত বলে যেতে হয়। রাষ্ট্র এবং আইন নিরপেক্ষ নয়, রাষ্ট্রের চরিত্রের ওপর কনসেপশন নির্ভর করে। সকলে এসটাব্লিসমেণ্টকে বাঁচিয়ে রাখার জন্য সচেষ্ট থাকেন। শ্রেণীবিভক্ত সমাজে একটি শ্রেণীর আধিপত্য চলছে। এবং তাদের আধিপত্য বজায় রাখার জন্য কোরট-কাছারি চলছে। দীর্ঘদিনের অভিজ্ঞতায় আমার তাই মনে হয়েছে।' আজ জঙ্গিপুর ক্রিমিনাল কোরট বার এ্যাসোসিয়েশন আয়োজিত দু' জন আইনজীবী আশুতোষ মুখোপাধ্যায় ও কেতাবুদ্দিন বিশ্বাসের পঞ্চাশ বর্ষ কর্মজীবন পূর্তি উপলক্ষে অনুষ্ঠিত সুবর্ণ জয়ন্তী উৎসবে ভাষণ দিতে গিয়ে রাজ্য কারা ও পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় উপরোক্ত মন্তব্য করেন। তিনি বলেন, 'জরুরী অবস্থার মত শ্বাসরোধকারী অবস্থায় আইনজীবীদের ভূমিকা ছিল লজ্জাজনক। তাঁদের ভূমিকা বিবেকে দংশন করেছে।' কারামন্ত্রীর যুক্তি খণ্ডন করে কলকাতা হাই কোরটের এ্যাডভোকেট মিহির রায় বলেন, 'উকিলরা আইন প্রণয়ন করেন না, ব্যাখ্যা করেন মাত্র। এসটাব্লিসমেণ্ট ঠুনকো জিনিস নয়। কাজেই উকিলদের দায়ী করে লাভ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সংস্কৃতি মেলা সাড়ম্বরে উদ্‌যাপিত

রঘুনাথগঞ্জ, ২৩ এপ্রিল—জঙ্গিপুর মহকুমা সংস্কৃতি পরিষদের উদ্যোগে জঙ্গিপুর সংস্কৃতি মেলা গতকাল এবং আজ সাড়ম্বরে অনুষ্ঠিত হল রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয় সংলগ্ন সার্বজনীনতলায়। এই উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান এবং রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে যোগদান করেন দক্ষিণারঞ্জন বসু, সুধীর মিত্র, বীরেন্দ্র চট্টোপাধ্যায় অমল রায়, কারামন্ত্রী দেবব্রত ব.ন্দ্যাপাধ্যায় প্রমুখ। সাঁওতালী নৃত্যগীত পরিবেশন করেন সাগরদীঘি থানার আদিবাসী অধ্যুষিত গ্রাম চাঁদপাড়ার

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিডিও-র বিরুদ্ধে নারী নির্যাতনের অভিযোগ

ধুলিয়ান, ২৬ এপ্রিল—বি ডি ও-র বাসায় কাজ করতে গররাজি হওয়ায় সামসেরগঞ্জের বি ডি ও চঞ্চল ব্যানারজির বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ করেছেন ব্লকের সুইপার কটিবালা দাসী। অভিযোগে প্রকাশ, বি ডি ও নাকি কটিবালাকে দিয়ে নিজের বাসায় কাজ করাতে বাধ্য করার জন্য পুলিশের ভয় দেখান এবং তাঁর বাসায় একটি চুরির ঘটনায় কটিবালা ও তাঁর ছেলের নাম জড়িয়ে সামসেরগঞ্জ থানায় একটি অভিযোগ লিপিবদ্ধ করেন। পুলিশ কটিবালার সামনেই ছেলের উপর নির্যাতন চালায়। বি ডি ও কটিবালাকে দু' বার তাঁর স্ত্রীর থুথু ও জুতো চাটতে নাকি বাধ্য করেন। কটিবালা লিখিতভাবে বি ডি ও র বিরুদ্ধে এ হেন অমানুষিক নির্যাতনের অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রীর কাছে। থানাতেও বি ডি ও-র বিরুদ্ধে অনুরূপ অভিযোগ করা হয়েছে এবং জঙ্গিপুর মহকুমা শাসকের কাছে একই অভিযোগের ভিত্তিতে স্মারকলিপি দেওয়া হবে বলে জানা গেছে।

## ফরাক্কা—কলকাতা অন্তর্দেশীয় নৌপরিবহণ

ফরাক্কা ব্যারেজ, ২৫ এপ্রিল—কলকাতা, হলদিয়া ও ফরাক্কার মধ্যে নৌপরিবহণ ব্যবস্থা চালুর যে চেষ্টা সরকারীভাবে চালানো হচ্ছে, তাকে বেশ কিছুটা এগিয়ে দিয়েছে ভারত সরকারের সেনট্রাল ইনল্যাণ্ড ওয়াটার ট্রানসপোরট করপোরেশন লিমিটেড নামে একটা নৌপরিবহণ সংস্থা। করপোরেশনের রিভার সারভেয়ার কে এল দাস জানিয়েছেন, তাঁদের বাণিজ্য তরী 'সুরমা' কলকাতার জন্য ৩০০ টন পাথরকুচি এবং খড়দহ পাটকলের জন্য ১০৩ গাঁট পাট নিয়ে ১৮ এপ্রিল ফরাক্কা থেকে যাত্রা শুরু করেছে। কলকাতা, হলদিয়া ও ফরাক্কার মধ্যে অন্তর্দেশীয় নৌপরিবহণের প্রথম প্রয়াসে পাথরকুচি ও পাট সরবরাহ করে তাঁদের সঙ্গে সহযোগিতা করেছেন পাকুড়ের জেওনানী ইনজিনীয়ারিং ওয়ারকস্ প্রাঃ লিঃ এবং ফরাক্কা থানা

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## এ্যাডভোকেট ভৎ‍র্সিত

নিজস্ব সংবাদদাতা : আদালতের নথিপত্রে 'কাটাকাটি এবং লেখার' জন্য ১৩ এপ্রিল জঙ্গিপুর আদালতের এস ডি জে এম পরিমল ব্যানারজি এ্যাডভোকেট সমীর চক্রবর্ত্তীকে ভৎ‍র্সনা করেছেন। একটি ধান কাটাকটির মামলার নথিপত্র উল্টাতে গিয়ে এই ঘটনা এস ডি জে এমের নজরে আসে। তিনি শ্রীচক্রবর্ত্তীর কাছে কৈফিয়ৎ চাইলে শ্রীচক্রবর্ত্তী কৈফিয়ৎ দাখিলে ব্যর্থ হন। পরে একটি লিখিত আবেদনের ভিত্তিতে শ্রীচক্রবর্ত্তীকে রেহাই দেওয়া হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য এর আগেও সমীরবাবু আর একটি অনুরূপ ঘটনায় অভিযুক্ত হন এবং তাঁর বিরুদ্ধে আদালতে অভিযোগ গঠন করা হয়। সেই মামলা এখনও বিচারাধীন রয়েছে।

## ছাত্রসংসদের নির্বাচন

অরঙ্গাবাদ, ২২ এপ্রিল—গত ১৯ এবং ২০ এপ্রিল অরঙ্গাবাদ ডি এন কলেজের বহু প্রতীক্ষিত এবং বহু বিতর্কিত ছাত্রসংসদের নির্বাচন নির্বিঘ্নে অনুষ্ঠিত হয়। ঐ নির্বাচনে বামপন্থী মোর্চার প্রার্থীরা বিপুল ভোটে জয়লাভ ক'রে ইউনিয়ন গঠনের সুযোগ লাভ করেছে। ১৯৭২ সাল থেকে কলেজে কোনও নির্বাচন অনুষ্ঠিত হতে পারেনি। এবারও নির্বাচনের প্রাক্কালে জঙ্গিপুর আদালত অন্তর্বর্ত্তী স্থগিতাদেশ দেন। অধ্যক্ষ আদালতে এই স্থগিতাদেশের বিরুদ্ধে লড়াই করে পুনরায় নির্বাচনের আদেশ লাভ করেন এবং

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

আপনার গৃহসজ্জায় অনুপম সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী একটি নাম—
গোদরেজ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার-টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব॥

অনুমোদিত পরিবেশক
মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

# ॥ কৃষি সংবাদ ॥

অর্থকরী ফসল হিসাবে পাটের চাষ মুর্শিদাবাদের কৃষকদের কাছে বিশেষ গুরুত্বপূর্ণ। সেচ সেবিত এলাকায় তিনটি ফসল চক্রে পাটের চাষ আবশ্যিক। চৈত্র মাসে বোনা পাট শ্রাবণে কেটে নিয়ে জলদি জাতের আমন ধান লাগানো যাবে এবং আমন ধান কাটার পর গম বা আলু লাগানো যাবে। পাট চাষে সাফল্যের একমাত্র উপায় বিজ্ঞানসম্মত উপায়ে চাষ করে পাটের ফলন বৃদ্ধি করা।

## মুর্শিদাবাদ জেলার উন্নত পাটের জাত ঃ—

| উন্নত জাতের পাট | জমি | লাগানোর সময় |
|---|---|---|
| চৈতালী তোষা | কম বৃষ্টি এলাকায় | চৈত্র মাস |
| জে, আর ও ৮৭৮ | উঁচু জমি | |
| বাসুদেব ( জে, আর, ও ৭৮৩৫ ) | মাঝারি উঁচু | চৈত্র, বৈশাখ ও জ্যৈষ্ঠের মাঝামাঝি |
| বৈশাখী ( জে, আর, ও ৬৩২ ) | মাঝারি উঁচু | বৈশাখ |
| নবীন ( জে, আর ও ৫২৪ ) | মাঝারি উঁচু | চৈত্র ও বৈশাখ |

নবীন জাতের পাট খরা সহ্য করতে পারে। ফলন ও আঁশের মান ভালো। সঠিক জাত সঠিক সময় বুনলে ফলন বেশী পাওয়া যায়।

### বীজের হার :—

এক একরে বীজ লাগবে ২—২.২৫০ কেজি। বীজ অবশ্যই নীচের যে কোন একটি ঔষধ দিয়ে শোধন করে নেবেন।

প্রতি কেজি বীজে এগ্রোসান জি এন ৫ গ্রাম।
বা সেরেসান বা হেক্সাথান

মুখঢাকা মাটির বা কাঁচের পাত্রে বীজ ও ঔষধ মিশিয়ে ১ মিনিট ধরে ঝাঁকিয়ে নিলেই চলবে।

### সার প্রয়োগ :—

মাটি পরীক্ষা করে সারের নির্দিষ্ট মাত্রা ঠিক করাই ভালো। প্রতি একরে ( কেজিতে )

| মূল সার | নাইট্রোজেন | ফসফরাস | পটাশ |
|---|---|---|---|
| কেজি | | ৮ | ১২—১৬ |
| চাপান সার ১ম নিড়ানীর পর | ১৬—২০ | — | — |

চাপান সার জমিতে ছড়ানোর আগে ৪/৫ গুণ মাটির সঙ্গে মিশিয়ে ছড়ানো ভালো। ইউরিয়া জলে গুলে হ্যাণ্ড স্প্রেয়ারের সাহায্যে পাটের পাতায় ছিটিয়ে দেওয়া যায়। সাধারণতঃ ২% দ্রবণ পাট গাছে স্প্রে করা হয়। মূল সার হিসাবে নাইট্রোজেন না দিয়ে ২।৩ বারে চাপান হিসাবে দেওয়া যেতে পারে, তাতে আগাছার অত্যাচার কম হবে, ফলনও বাড়বে।

### বীজ বপন ঃ—

পাট সব সময় সারিতে বোনা লাভজনক। নিড়ানী খরচ কম এবং অন্যান্য পরিচর্য্যা সহজে করা যায়। ২২-২৫ সেমি বা ৯-১০ ইঞ্চি দূরত্বে সারিতে সীডড্রিলে বা বীজ বোনা যন্ত্রের সাহায্যে পাট বোনা যেতে পারে।

সময় মত পরিচর্য্যার উপর নির্ভর করে পাটের ফলন ও উন্নত মানের আঁশ।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত।

## ফরাক্কা—কলকাতা

( ১ম পৃষ্ঠার পর )

প্রাথমিক কৃষি বিপণন সমবায় সমিতি লিমিটেড ( ধুলিয়ান )। জলপথে ভাড়া পড়বে রেল পথের প্রায় সমান এবং সড়ক পথের চেয়ে অনেক কম। সমীক্ষায় দেখা গেছে নদীর নাব্যতা নৌপরিবহণের উপযুক্ত। নৌপরিবহণে করপোরেশনের সঙ্গে সংযোগিতা করার জন্য কে এল দাস ব্যবসায়ীদের অনুরোধ করেছেন।


Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

*সবার প্রিয় চা—*

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

( জগন্নাথের সাইকেলের দোকান )

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।





## ছাত্রসংসদের নির্বাচন

( ১ম পৃষ্ঠার পর )

নির্বাচন অনুষ্ঠিত হয়। ছাত্রদের বহুদিনের দাবি এইভাবে পূরণ হলো। ১৯ এপ্রিল প্রাতঃ বিভাগের নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বামপন্থী মোর্চার প্রার্থীরা জয়লাভ করেন ; ২০ এপ্রিল দিবা বিভাগের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হলেও অধিকাংশ প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

## শিক্ষক আবশ্যক

হাউসনগর প্রস্তাবিত হাই মাদ্রাসা পোঃ তিনপাকুড়িয়া, জেলা মুর্শিদাবাদ এ নবম ও দশম শ্রেণীর জন্য একজন বি, এস, সি ( বায়োলজি ) শিক্ষক প্রয়োজন। বি, এড, অগ্রগণ্য। ৩০।৪।৭৮ তারিখের মধ্যে সম্পাদকের নিকট দরখাস্ত করিতে হইবে।

Wanted a teacher graduate with requisite training in Physical Education for Maldova P. K. High School, P. O. Rajanagar ( Murshidabad ). Apply to the secretary to reach by 3. 5. 78.


**রিকো**

ইলেকট্রিক মোটর ও

মোটর পাম্পসেট

ডিলার : **ঊষা হার্ডওয়ার ষ্টোর**


বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ


## বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলার গম উৎপাদনকারিগণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে ভারতীয় খাদ্য কর্পোরেশন এই জেলার বিভিন্ন স্থানে ডি, পি, এজেন্ট মারফৎ সরকার নির্দ্ধারিত মান অনুযায়ী সহায়ক মূল্য ১১২'৫০ ( একশত বার টাকা পঞ্চাশ পয়সা ) প্রতি কুইন্ট্যাল দরে উৎপাদকদের নিকট হইতে গম ক্রয় করিবার ব্যবস্থা করিয়াছে। উৎপাদকদের নিকট অনুরোধ তাঁহারা সরকার নির্দিষ্ট মান অনুযায়ী বিক্রয়যোগ্য গম ভারতীয় খাদ্য কর্পোরেশনের ডি, পি, এজেন্টগণের নিকট সরাসার বিক্রয় করিবেন।

**কে, এন, ঠাকুর**
জেলা ম্যানেজার
ভারতীয় খাদ্য কর্পোরেশন
মুর্শিদাবাদ




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।